রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জানুয়ারি ২, ২০২৩**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নম্বর ৩৫৫-আইন/২০২২।**—আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬ নং আইন) এর ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, সরকারের পূর্বানুমোদনক্রমে, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রবিধানমালার—

(ক) প্রবিধান ৩ এর দফা (গ) এর পর নিম্নরূপ দফা (ঘ) সংযোজিত হইবে, যথা:—

“(ঘ) চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে।”;

(খ) প্রবিধান ৮ এর পর নিম্নরূপ প্রবিধান ৮ক সন্নিবেশিত হইবে, যথা:—

“৮ক। **চুক্তিভিত্তিক নিয়োগ।**—নিয়োগকারী কর্তৃপক্ষ, বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তে এবং তফসিলের বিধানাবলি সাপেক্ষে, কোনো নির্দিষ্টকৃত পদে চুক্তিভিত্তিক নিয়োগ করিতে পারিবে।”; এবং


**মূল্য :** টাকা ৪.০০

(গ) তফসিল এর ক্রমিক নং ৩খ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ৩গ, ৩ঘ এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“

| | | | | |
|---|---|---|---|---|
| ৩গ। | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর ক্রমিক নং ১৬ অনুযায়ী পূরণযোগ্য। | | |
| ৩ঘ। | আইনি পরামর্শ কর্মকর্তা | --- | চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে; | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে এল.এল.বি (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>(খ) আইনজীবী হিসাবে কাজ করিবার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকারপ্রাপ্ত হইবেন; এবং<br>(গ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে অন্যূন ৩ (তিন) মাসের প্রশিক্ষণ। |

”।

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার আদেশক্রমে

**মোহাম্মদ আল মামুন**
পরিচালক (জেলা জজ)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd